



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/চাঁপাইনবাবগঞ্জ-৭০/১০৬৪২

তারিখঃ ১৩/০৪/২০১৭খ্রিঃ

বিষয়ঃ মৌখিক শুনানীর জন্য স্ব-স্ব দাবীর পক্ষে কাগজপত্রসহ উপস্থিত থাকা প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং- ৩৯০৫/২০১৫ এ প্রদত্ত ৩০/০৮/২০১৬খ্রিঃ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়ীয়া দারুচ্ছন্নাত নেছারিয়া দাখিল মাদরাসার ইবতেদায়ী প্রধান মোঃ আব্দুল খালিক বিন আইনউদ্দিন এবং ক্বারী শিক্ষক মোঃ আব্দুর রশিদকে অবৈধভাবে সাময়িক বরখাস্ত করার অভিযোগ পাওয়া গিয়েছে। একই বিষয়ে বর্ণিত শিক্ষকগণ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৩৯০৫/২০১৫ দায়ের করলে মহামান্য হাইকোর্ট আবেদনের বিষয়টি নিষ্পত্তি করার জন্য ৩০/০৮/২০১৬খ্রিঃ তারিখে আদেশ জারি করেছেন।

বর্ণিত অবস্থায় উল্লিখিত শিক্ষকগণের সাময়িক বরখাস্ত সংক্রান্ত জটিলতা নিষ্পত্তিকল্পে আগামী ১৯/০৪/২০১৭খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় স্ব-স্ব দাবীর পক্ষে কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্ব-শরীরে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, জামবাড়ীয়া দারুচ্ছন্নাত নেছারিয়া দাখিল মাদরাসা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

২) সুপার, জামবাড়ীয়া দারুচ্ছন্নাত নেছারিয়া দাখিল মাদরাসা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

৩) মোঃ আব্দুল খালিক বিন আইনউদ্দিন, ইবতেদায়ী প্রধান এবং মোঃ আব্দুর রশিদ, ক্বারী শিক্ষক জামবাড়ীয়া দারুচ্ছন্নাত নেছারিয়া দাখিল মাদরাসা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

## অনুলিপিঃ

১. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অফিস কপি।